# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ২২২

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. আঙ্গুল সমূহ খিলাল[1] করার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা পরিত্যাগ করা এবং যে অংশ ধৌত করা ওয়াজিব তাতে শিথীলতা করার প্রতি ভীতি প্রদর্শনঃ ([1] . খিলাল বলা হয়, দু'দাঁতের মধ্যে থেকে খাদ্যের কণা ইত্যাদি বের করার জন্য যে শলা বা কাঠি ব্যবহার করা হয় তাকে। এখানে উদ্দেশ্য হচ্ছে, দাড়ির চুলকে ফাঁক করে তার মধ্যে এবং হাত ও পায়ের দু'আঙ্গুলের ফাঁকে অন্য আঙ্গুল দ্বারা পানি পৌঁছানো।)

## الترغيب في تخليل الأصابع والترهيب من تركه وترك الإسباغ إذا أخل بشيء من القدر الواجب

---

আরবী

(حسن ) و عَنْ أَبِي رَوْحٍ الْكَلَاعِيِّ، قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً، فَقَرَأَ فِيهَا سُورَةَ الرُّومِ، فَلُبِّسَ عَلَيْهِ بَعْضُهَا، قَالَ: " إِنَّمَا لَبَسَ عَلَيْنَا الشَّيْطَانُ، الْقِرَاءَةَ مِنْ أَجْلِ أَقْوَامٍ يَأْتُونَ الصَّلَاةَ بِغَيْرِ وُضُوءٍ، فَإِذَا أَتَيْتُمُ الصَّلَاةَ فَأَحْسِنُوا الْوُضُوءَ. وفي رواية: فَتَرَدَّدَ فِي آيَةٍ فَلَمَّا انصرَفَ قَالَ: " إِنَّهُ لُبِّسَ عَلَيْنَا الْقُرْآنُ أَنَّ أَقْوَامًا مِنْكُمْ يُصَلُّونَ مَعَنَا لَا يُحْسِنُونَ الْوُضُوءَ، فَمَنْ شَهِدَ الصَّلَاةَ مَعَنَا فَلْيُحْسِنِ الْوُضُوءَ. رواه أحمد ورواه النسائي عن أبي روح عن رجل

বাংলা

২২২. (হাসান) আবু রওহ কুলাঈ' থেকে বর্ণিত। তিনি বলেন, একদা নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে নিয়ে নামায পড়াচ্ছিলেন। তিনি সূরা রূম তেলাওয়াত করতে গিয়ে কিছুটা ভুল করছিলেন। তারপর বললেনঃ ’’শয়তান আমার ক্বেরাত ভুলিয়ে দিচ্ছিল, তার কারণ হচ্ছে কিছু লোক ওযু না করেই নামায পড়তে এসেছে। তোমরা নামাযে এলে সুন্দরভাবে ওযু সম্পাদন করবে।’’

অন্য বর্ণনায়ঃ

(নামাযের মধ্যে) তিনি একটি আয়াতে সন্দেহে পড়ে গেলেন। নামায শেষ করে বললেনঃ ’’কুরআন পাঠে আমাকে সন্দেহে ফেলে দেয়া হয়েছিল। কারণ হচ্ছে তোমাদের মধ্যে কিছু লোক আমাদের সাথে নামায পড়ে কিন্তু সুন্দরভাবে ওযু করে না। আমাদের সাথে যারা নামাযে উপস্থিত হবে তারা যেন সুন্দরভাবে ওযু সম্পাদন করে।’’

(ইমাম আহমাদ হাদীছটি বর্ণনা করেছেন ৩/৪৭১। নাসাঈ আবু রাওহ্ থেকে তিনি জনৈক ব্যক্তি থেকে বর্ণনা করেছেন ২/১৫৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবু রওহ কুলাঈ' (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন